দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUL 2017 পৃষ্ঠা ১ কলাম ৫

# শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠান কমেছে

## ৭২ প্রতিষ্ঠানের কেউ পাস করেনি

■ ইত্তেফাক রিপোর্ট

এইচএসসিতে পাসের হারের পাশাপাশি শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যাও কমেছে। চলতি বছর এমন প্রতিষ্ঠান মাত্র ৫৩২টি। গত বছর শতভাগ পাস প্রতিষ্ঠান ছিল ৮৪৮টি। এবার শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা ৩১৬টি কমেছে। আর ২০১৫ সালে শতভাগ পাস প্রতিষ্ঠান ছিল এক হাজার ১৩৩টি।

অপরদিকে, ৭২টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। গত বছরের তুলনায় কেউ পাস না করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৪৭টি বেড়েছে। গত বছর ২৫টি প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। পরীক্ষার ফলের পরিসংখ্যান থেকে এসব তথ্য জানা গেছে।

শতভাগ পাস প্রতিষ্ঠানের ক্ষেত্রে সাধারণ শিক্ষা বোর্ডগুলোর মধ্যে সর্বোচ্চ অবস্থানে রয়েছে যশোর বোর্ড। পৃষ্ঠা ১৯ কলাম ১

## শতভাগ পাস শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

এ বোর্ডে ৪১টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করেছে। এছাড়া ঢাকা বোর্ডে ৪০, রাজশাহী বোর্ডে ২২, কুমিল্লা বোর্ডে ৭, চট্টগ্রাম বোর্ডে একটি, বরিশাল বোর্ডে ৬, সিলেট বোর্ডে ৮ ও দিনাজপুর বোর্ডে ১১টি শতভাগ পাস প্রতিষ্ঠান রয়েছে। এছাড়া মাদ্রাসা বোর্ডে ২৫০ ও কারিগরি বোর্ডে ১৪৬টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করেছে।

আটটি সাধারণ শিক্ষা বোর্ডে কেউ পাস করেনি এমন ৫৩টি প্রতিষ্ঠান রয়েছে। এরমধ্যে ঢাকা বোর্ডে ১৭, রাজশাহী বোর্ডে ১১, কুমিল্লায় ৩, যশোরে ৪, বরিশালে ২ ও দিনাজপুর বোর্ডে ১৬টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। চট্টগ্রাম ও সিলেট বোর্ডে কেউ পাস করেনি এমন প্রতিষ্ঠান নেই। এছাড়া মাদ্রাসা বোর্ডের ১৯টি শিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি।